



সিলেট অফিস : সিলেট ভেটেরিনারী কলেজকে সিলেটবাসীর স্বপ্নের কৃষি বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করা হয়েছে

-ইত্তেফাক

বহু প্রতীক্ষিত সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের যাত্রা শুরু হতে যাচ্ছে জানুয়ারিতে

। হুমায়ুন রশিদ চৌধুরী ও নূরুল
আমীন, সিলেট অফিস ॥

অবশেষে বহু প্রতীক্ষিত সিলেট
কৃষি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক
সংগঠন শুরু হতে যাচ্ছে আগামী
জানুয়ারী মাসে। গত ১৪ অক্টো-
বর সাবেক অর্থ ও পরিকল্পনামন্ত্রী
মম সাইফুর রহমান ভিত্তি প্রস্তর
রাপন করেন। ব্যয় ধরা হয়েছে
১১ কোটি ১৬ লাখ টাকা। প্রক-
ল্পের মেয়াদ নির্ধারণ করা হয়েছে

জানুয়ারী ২০০৬ থেকে জুন ২০০৯
পর্যন্ত। প্রকল্পের ১ম পর্যায়ে
প্রশাসনিক ও অনুষদ ভবন ও
শিক্ষকদের জন্য ডরমিটরি ও ছাত্র-
দের জন্য হল নির্মাণ করা হবে।
প্রাথমিকভাবে ভিডিও কোর্সে
৮০ জন শিক্ষার্থী ভর্তি করা হবে
এবং পরে অন্যান্য কোর্সে ছাত্র-
ছাত্রী ভর্তি করা হবে। এরই মধ্যে
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের
প্রজেক্ট ডাইরেক্টর হিসেবে প্রফেসর
ডঃ মোঃ ইকবাল লোসেনকে
নিয়োগ দেয়া হয়েছে।

গত ৩ অক্টোবর জাতীয় সং-
সদে বহু প্রতীক্ষিত সিলেট কৃষি
বিশ্ববিদ্যালয় বিল পাশ হয়। গত
১৮ সেপ্টেম্বর মন্ত্রিসভায় সিলেট
কৃষি বিশ্ববিদ্যালয় আইন ২০০৬
অনুমোদিত হয়। প্রথমে ভেট-
নারি অনুষদের শিক্ষা কার্যক্রম চালু
করা হবে। পর্যায়ে কৃষি, মৎস্য,
বিজ্ঞানসহ অন্যান্য অনুষদ খোলা
হবে। সিলেট সরকারী ভেটনারী
কলেজকে প্রথম অনুষদ ও
বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাস ধরে

প্রায় ১শ' একর জমির উপর নতুন
এই বিশ্ববিদ্যালয় গড়ে উঠবে।
ইতিমধ্যে এ খাতে প্রয়োজনীয় সর-
কারী অর্থ বরাদ্দ হয়েছে। শীঘ্রই
বিশ্ববিদ্যালয় ভবন নির্মাণ শুরু
হবে। গত ২৬ এপ্রিল একমন্ত্রের
সভায় সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়
স্বাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

প্রায় ৫০ একর জমির উপর
প্রতিষ্ঠিত ভেটনারী কলেজ
থেকে ৬টি ব্যাচে ৩শ' শিক্ষার্থী
গ্যাজুয়েশন ডিগ্রি কমপ্লিট করে-
ছেন। ২৬ এপ্রিল কলেজটিকে
ভেটনারী সায়েন্স ফ্যাকাল্টি
হিসেবে অন্তর্ভুক্ত করা হয়। চলতি
শিক্ষা বছরে এই ফ্যাকাল্টিতে
ছাত্র-ছাত্রী ভর্তি করতে হলে
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের একটি
নীতিমালা প্রণয়ন করে বিশ্ব-
বিদ্যালয় আইন অধ্যাদেশ পাশ
করতে হবে। আণা করা হচ্ছে,
মাগ দুয়েকের মধ্যে এ কাজ সম্পন্ন
হলে চলতি শিক্ষা বছর থেকেই
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের কার্য-
ক্রম চালু করা সম্ভব হবে।